শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
পাগলাপীর, রংপুর।

টেলিফোন নম্বরঃ 02588878267
ই-মেইলঃ gmrpbs2@gmail.com
ওয়েব সাইটঃ www.pbs2.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৪৯.৫২২.০২.০০৮.২৪. ৩৩২

তারিখঃ ১১ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ।
২৫ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ।

## "মিটার রিডার কাম- ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদের আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে ইতোপূর্বে কর্মরত অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | মূল বেতন ও ভাতাদি | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল: ১৪৭০০.০০ হতে ২৬৪৮০.০০ টাকা বেতন পরিধিতে/সর্বশেষ কর্মস্থলের প্রাপ্ত বেতনসহ সর্বশেষ পবিস নির্দেশিকা ও<br><br>বাপবিবোর্ড কর্তৃক জারীকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রযোজ্য হবে। | ০১। **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা আবেদন গ্রহনের শেষ তারিখে অর্থাৎ ১১/০২/২০২৪ খ্রিঃ তারিখে ৫২ (বায়ান্ন) বছর হতে হবে।<br>০২। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ বছর (তিন)/০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহনে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন (যদি পূর্বে না হয়ে থাকে) রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছানুক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই)টি কর্ম দিবস বিরতি দিয়ে অত্র সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা হবে।<br>৪। রংপুর জেলার স্থায়ী বাসিন্দা ও রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ ইতিপূর্বে যারা চাকুরী করেছেন/ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/নির্দিষ্ট মেয়াদ পূর্তির পূর্বে স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। |

**শর্তাবলীঃ**

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.rangpur.gov.bd ) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউন লোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ১১/০২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করে ডাক/কুরিয়ার যোগে "জেনারেল ম্যানেজার, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর" বরাবর প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত অথবা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সনদ এর সত্যায়িত অনুলিপি;

(গ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভা মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।

(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ যা এজিএম (প্রশাসন/ এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে। উল্লেখ্য যে, দাখিলকৃত সকল সনদ পত্রের ফটোকপি (অভিজ্ঞতা সনদ ব্যতীত) ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবী সম্বলিত সীলসহ সত্যায়িত থাকতে হবে।

২য় পৃঃদ্রঃ/

## ০৩। অন্যান্য শর্তাবলীঃ

(ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত বাবদ জমা প্রদান করতে হবে, যা সন্তেষজনক চুক্তি সমাপ্তে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) বয়স প্রমাণের জন্য শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(গ) অভিজ্ঞতা সনদ পত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স, সর্বশেষ মূল বেতন ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিস হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) তা উল্লেখ করতে হবে।

(ঘ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডারকাম- ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) হিসাবে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) প্রাপ্ত আবেদনপত্র সমুহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্যসম্পন্ন পূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (On job service length) বিবেচনা করত: জ্যেষ্ঠতা অনুযায়ী প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ ১২ নভেম্বর, ২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করা হবে।

(চ) চুক্তির মেয়াদ উর্ত্তীণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/বরখাস্ত/ চাকুরীচ্যুত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) চুক্তির আওতায় নিয়োজিত চুক্তিভিত্তিক মিটার রিডার কাম- ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে। যা কখনো কোনক্রমেই নিয়মিত হবে না।

(জ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিয়ে অথবা কেউ কোন প্রকার তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণ সহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

(ঝ) অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের কেউ আবেদন করতে পারবেন না।

(ঞ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল হবে।

(ট) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে যারা বর্তমানে মিটার রিডার কাম- ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত আছেন তারা অত্র পবিসে আবেদনের শেষ তারিখ অর্থাৎ ১১/০২/২০২৪ খ্রিষ্টাব্দে যাদের চুক্তির মেয়াদ ০৩ (তিন) মাস অবশিষ্ট রয়েছে তারাও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

(ঠ) রংপুর পবিসের ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের (রংপুর জেলার সকল উপজেলা/সিটি কর্পোরেশন, নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলা, লালমনিরহাট জেলার সদর উপজেলার আওতাধীন রাজপুর ইউনিয়ন ও খুনিয়াগাছ ইউনিয়ন এবং আদিতমারী উপজেলার মহিষখোচা ইউনিয়ন) উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

(ড) প্রাপ্ত আবেদনপত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূন্য পদের সংখ্যা ও পরবর্তী ০১ (এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঢ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল করা হবে।

(ণ) অসম্পূর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ত) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

01
২৫/১/২৪

(মোঃ খুরশীদ আলম)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃপঃ (কেঃ অঃ) পরিদপ্তর বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। [বাপবিবোর্ড এর ওয়েব সাইডে আপলোডের অনুরোধসহ]
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, রংপুর।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------পবিস-১/ ২/৩/৪
০৬। ডিজিএম (কারিগরি)/তারাগঞ্জ/বদরগঞ্জ/গঙ্গাচড়া/কাউনিয়া/হারাগাছ জোনাল অফিস, রংপুর পবিস-২।
০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা), রংপুর পবিস-২।
০৮। এজিএম (ওএন্ডএম), মডার্ণমোড়/সৈয়দপুর সাব-জোনাল অফিস, রংপুর পবিস-২।
০৯। অফিস কপি/ মাস্টার কপি।

**সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশবোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

01
২৫/১/২৪

(মোঃ খুরশীদ আলম)

**ফরম-১**

রংপুর **পল্লী** বিদ্যুৎ সমিতি-২ এ **মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)**

**পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।**

**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
রংপুর **পল্লী** বিদ্যুৎ সমিতি-২
পাগলাপীর, রংপুর।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ....... ........................................................................... ..............................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে **উল্লেখ** আছে)

৩. পদের ধরণ

........................................................................... ..............................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

................................................ ........................................ ...............................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (পরীক্ষর সনদ/নিবন্ধন অনুযায়ী)

...................................................

৮. মাতার নাম

......./......./................. (দিন/মাস/বছর)

৯. বয়স (১১/০২/২০২৪ খ্রিঃ তারিখে)

.......................................................... ..............................................

১০. পিতার নাম

১১. ধর্ম

.......................................................... ..............................................

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

..........................................................

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ *মহিলা* ☐ *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা* ☐ *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা* ☐ *এতিম ও শারীরিক প্রতিবন্ধি*

☐ *উপজাতি* ☐ *আনসার ও গ্রাম প্রতিরক্ষা* ☐ *অন্যান্য*

১৭. স্থায়ী ঠিকানাঃ

...................................... ................................. ............................... ..............................

ক. গ্রাম/সড়ক/বাড়ী

খ. ডাকঘর

গ. উপজেলা/থানা

ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

| ........................................ | ................................ | ................................ | ..................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

| ........................................ | ................................................... | ................................................... |
|---|---|---|
| ১৯. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট নং | ২০. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল্য | ২১. ইস্যুর তারিখ |

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি **স্বহস্তে** লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপুরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে রংপুর পবিস-২ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার **বিরুদ্ধে** রংপুর পবিস-২ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

| ------------------------------- | ---------------------------------------- |
|---|---|
| তারিখ | আবেদনকারী স্বাক্ষর |

\\Co\D\Rangpur PBS-2\01.OS\Farida\AGM (HR)\MRCM Neog-2022\008(21)..doc